



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

ফোন : ৯২৬২২৯৯
ফ্যাক্স : ৯২৬২৯১১
ই-মেইল : bbacollege@gmail.com

তারিখ : ২৪/০৭/২০১৯ খ্রি.


২০১৭-১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত মেধাক্রমে উল্লিখিত ছাত্র-ছাত্রীদের-কে জানানো যাচ্ছে যে, অত্র কলেজে তাদের সংশ্লিষ্ট কোর্সে ভর্তির জন্য ১ বৎসরের বেতন, সেশন চার্জ ও অন্যান্য ফিস নিম্নোক্তভাবে ধার্য করা হয়েছে। নির্ধারিত তারিখের মধ্যে নির্দিষ্ট ওয়েব সাইট www.nu.ac.bd/admission থেকে ফরম ডাউনলোড করে স্ব-স্ব বিভাগীয় প্রধানের সুপারিশসহ সেমিনার ফি জমা প্রদান পূর্বক ক্যাশ কাউন্টার থেকে রশিদ সংগ্রহ করে পূরণ পূর্বক ক্যাশিয়ারের স্বাক্ষরসহ উত্তরা ব্যাংক, চৌরাস্তা শাখায় জমা দিয়ে ফরমের সাথে রশিদের এক কপি সংযোগ করে আবেদন ফরম পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট বিভাগে যাচাই বাছাই করে পুনরায় ক্যাশ কাউন্টারে আগামী ১৫/০৭/২০১৯ থেকে ২২/০৭/২০১৯ তারিখের মধ্যে জমা দিয়ে ভর্তি হতে হবে। (সরকারি ছুটির দিন ব্যতিত)

ধার্যকৃত টাকার পরিমাণ : বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, অর্থনীতি, দর্শন, ব্যবস্থাপনা এবং হিসাববিজ্ঞান প্রতিটি বিষয়ে ভর্তির জন্য সর্বমোট =৩১৮৯/- (তিন হাজার একশত ঊননব্বই) টাকা সেমিনার ফিস ৪০০/- (চারশত) টাকা এবং গণিত বিভাগের জন্য =৩২৮৯/- (তিন হাজার দুইশত ঊননব্বই) টাকা সেমিনার ফি ৫৫০/- (পাঁচ শত পঞ্চাশ) টাকা। উল্লেখ্য যে, নির্ধারিত তারিখসমূহে প্রতি দিন সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত ভর্তির কার্যক্রম চলবে।

ভর্তির জন্য নিম্নলিখিত কাগজ পত্রাদি ভর্তি ফরমের সঙ্গে যুক্ত করতে হবে :

- মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী (পাস)/ সমমানের পরীক্ষার সনদ ও নম্বর পত্রের ফটোকপি।
- সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি অন লাইনের ফরমের নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে।
- ভর্তির ফরম এক সেট অফিসে জমা দিতে হবে।
- ভর্তির ফরম অন লাইন থেকে সংগ্রহ করে বিভাগে যাচাই পূর্বক ক্যাশ কাউন্টারে নির্ধারিত ফিস জমা দিয়ে ভর্তি হতে হবে।
- ভর্তির আবেদন ফরমের মূল প্রবেশপত্রের কপি ভর্তি ফরমের সঙ্গে অবশ্যই জমা দিতে হবে।


অধ্যক্ষ ২৪/০৭/১৯

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

প্রফেসর জেরিনা সুলতানা
(আইডি নম্বর-১৩৩৯)
অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।